



# গণিতের অলিগালি

পর্ব : ১৫৭

## কয়েক ধরনের সংখ্যার দ্রুত বর্গ নির্ণয়

আমরা বেশ কয়েক ধরনের সংখ্যার বর্গ কী করে দ্রুত বের করা যায়, তা এখানে জানব।

### ধরন-০১

দুই অঙ্কের যেসব সংখ্যার শেষ অঙ্কটি ৫। এ ধরনের সংখ্যার মধ্যে আছে : ১৫, ২৫, ৩৫, ৪৫, ৫৫, ৬৫, ৭৫, ৮৫ এবং ৯৫।

প্রথমই জানব,  $65^2$  = কত? যেসব সংখ্যার শেষে ৫ আছে, এগুলোর বর্গফলের শেষদিকে সব সময় ২৫ অবশ্যই থাকবে। অতএব  $65^2$  বর্গফলের শেষ অঙ্ক দুটি হবে ২৫। এখন  $65$ -এর ৫-এর আগে রয়েছে ৬ এবং এর চেয়ে ১ বেশি হচ্ছে ৭। আর এই ৬ ও ৭-এর গুণফল হচ্ছে ৪২। এই ৪২ সংখ্যাটি  $25$ -এ বসালে আমরা পাই  $8225$ । এটিই হচ্ছে নির্ণেয় বর্গফল। অর্থাৎ  $65^2 = 8225$ ।

এবার জানব  $95^2$  = কত? এর বর্গফলের আগের মতোই শেষদিকে বসবে ২৫, কারণ  $95$ -এর শেষ অঙ্কটি ৫। আর  $95$ -এ ৫-এর আগে ৯ এবং এর পরের সংখ্যা ১০। আবার ৯ ও ১০-এর গুণফল ৯০। এই ৯০ সংখ্যাটির পর ২৫ বসিয়ে আমরা নির্ণেয় বর্গফলটি পাই  $9025$ । অর্থাৎ  $95^2 = 9025$ । একইভাবে  $75$ -এর বর্গফলে প্রথমে বসবে ৭ ও ৮-এর গুণফল ৫৬ এবং এরপর বসবে ২৫। অতএব  $75^2 = 5625$ ।

### ধরন-০২

তিন অঙ্কের যেসব সংখ্যার শেষে থাকে ২৫। এ ধরনের সংখ্যার মধ্যে আছে : ১২৫, ২২৫, ৩২৫, ৪২৫, ৫২৫, ৬২৫, ৭২৫, ৮২৫ ও ৯২৫। আমরা জানব, এ ধরনের সংখ্যাগুলোর বর্গফল কী করে দ্রুত বের করতে হয়।

প্রথমই জানব,  $325^2$  = কত? মনে রাখতে হবে যেসব সংখ্যার শেষে ২৫ থাকবে, সেগুলোর বর্গফলের শেষে অবশ্যই ৬২৫ থাকবে। এখন এর আগে কত বসবে সেটাই আমাদের বের করতে হবে কয়েক ধাপে।

প্রথম ধাপে,  $325$ -এর প্রথমে থাকা ৩-এর বর্গ ৯ নিতে হবে। দ্বিতীয় ধাপে, ৩-এর অর্ধেক  $1.5$  এই ৯-এর সাথে যোগ করতে হবে :  $9 + 1.5 = 10.5$ । তৃতীয় ধাপে, এই যোগফলকে ১০ দিয়ে গুণ করতে হবে :  $10.5 \times 10 = 105$ । এই ১০৫ আগের  $625$ -এর প্রথম দিকে বসালেই আমরা নির্ণেয় বর্গফল পেয়ে যাব। অর্থাৎ  $325^2 = 105625$ ।

এবার জানব  $625^2$  = কত? এটি আগের উদাহরণের মতোই বর্গফলের শেষ দিকে থাকবে ৬২৫, কারণ  $625$ -এর বর্গফল ৬২৫। এখন আগের মতো কয়েক ধাপে জেনে নেব এর আগে কত বসবে। প্রথম ধাপে, প্রদত্ত সংখ্যা  $625$ -এর প্রথমে থাকা ৬-এর বর্গ ৩৬ নিতে হবে। দ্বিতীয় ধাপে, এর সাথে ৬-এর অর্ধেক ৩ যোগ করতে হবে :  $36 + 3 = 39$ । তৃতীয় ধাপে, এই ৩৯-কে ১০ দিয়ে গুণ করতে হবে :  $39 \times 10 = 390$ । এই ৩৯০  $625$ -এর আগে বসালে নির্ণেয় বর্গফল দাঢ়ায় ৩৯০৬২৫। অর্থাৎ  $625^2 = 390625$ ।

### ধরন-০৩

৩০ থেকে ৮০ পর্যন্ত যেকোনো সংখ্যার বর্গ।

ধরা যাক, আমরা জানতে চাই  $48^2$  = কত? এখানে ৪২ সংখ্যাটি ৫০-এর কাছাকাছি একটি সংখ্যা। তাই এখানে ৫০-কে একটি ভিত্তিসংখ্যা বা বেস নাম্বার বিবেচনা করতে হবে। এখন লক্ষ করি, ৪২ সংখ্যাটি ৫০ থেকে ৮ কম। এখন ৮-এর বর্গ ৬৪ বসবে বর্গফলের সবার ডানে। আর ২৫ থেকে ৮ বিয়োগ করে পাওয়া ১৭ বসবে বর্গফলের বামে। অর্থাৎ ৪২-এর বর্গ হচ্ছে ১৭৬৪।

এবার দেখা যাক,  $48^2$  = কত? এখানে এই ৪৮ সংখ্যাটি ভিত্তিসংখ্যা ৫০ থেকে ২ কম। এর বর্গ হচ্ছে ৪। এই ৪ দুই অঙ্কের আকারে লিখলে লিখতে হয় ০৪। অতএব এই ০৪ বসবে নির্ণেয় বর্গফলের একদম

ডানদিকে। আর ২৫ থেকে এই ২ কমালে থাকে ২৩, যা বসবে ০৪-এর বামে। অতএব  $48^2 = 2304$ ।

এখন প্রশ্ন  $53^2$  = কত? এখানে ৫৩ সংখ্যাটি ভিত্তিসংখ্যা ৫০ থেকে ৩ বেশি। অতএব নির্ণেয় বর্গফলের প্রথমে বসবে  $25 + 3$ , অর্থাৎ ২৮। আর বর্গফলের শেষ দিকে বসবে ৩-এর বর্গ ৯, অর্থাৎ ০৯। কারণ এটি হতে হবে দুই অঙ্কের। তাহলে  $53^2 = 2809$ ।

এবার দেখব  $98^2$  = কত? এখানে ৯৮ সংখ্যাটি ভিত্তিসংখ্যা থেকে ৯ বেশি। অতএব নির্ণেয় বর্গফলের প্রথমে বসবে ২৫ ও এই ৯-এর যোগফল ৩৪। আর শেষ দিকে বসবে ৯-এর বর্গ ৮১। অতএব নির্ণেয় বর্গফল হচ্ছে ৩৪৮১।

### ধরন-০৪

১০০-এর কাছাকাছি কোনো সংখ্যার বর্গ নির্ণয়।

ধরা যাক জানতে চাই,  $97^2$  = কত? এখানে ৯৭ সংখ্যাটি ১০০-এর কাছাকাছি। এখানে হবে ৯৭ সংখ্যাটি ১০০ থেকে ৩ কম। ৯৭ থেকে ৩ বিয়োগ করলে হয় ৯৪। এটি হবে নির্ণেয় বর্গফলের প্রথম দুটি সংখ্যা। আর এরপর বসবে ৩-এর বর্গ ৯, অর্থাৎ ০৯। অতএব  $97^2 = 9409$ ।

এবার দেখব  $89^2$  = কত? এখানে ৮৯ সংখ্যাটি ১০০ থেকে ১১ কম। এখন ১১-এর বর্গ হচ্ছে ১২১। এর ২১ বসবে নির্ণেয় বর্গফলের সর্বভাবে। আর হাতে থাকবে ১। আর এখানে বর্গফলের প্রথম বসবে ৮৯ থেকে ১১ কমানোর পর থাকা ৭৯ ও এর সাথে যোগ হবে হাতের ১। অর্থাৎ  $89^2 = 7921$ ।

### ধরন-০৫

১০০-এর সামান্য বড় সংখ্যাগুলোর বর্গ।

ধরা যাক জানতে চাই,  $103^2$  = কত?

এখানে ১০৩ সংখ্যাটি ১০০ থেকে ৩ বেশি। অতএব নির্ণেয় বর্গফলের প্রথমে বসবে  $100 + 3 = 103$ । আর বর্গফলের শেষে বসবে ৩-এর বর্গ ৯, অর্থাৎ ০৯। অতএব নির্ণেয় বর্গফল হচ্ছে ১৬০৯।

### ধরন-০৬

১০০, ২০০, ৩০০, ৪০০, ৫০০, ৬০০, ৭০০, ৮০০, ৯০০, ১০০০-এর কাছাকাছি সংখ্যার বর্গফল নির্ণয়।

ধরা যাক, জানতে চাই  $198^2$  = কত? এখানে ১৯৮ সংখ্যাটি ২০০-এর কাছাকাছি এবং ২০০ থেকে ২ কম। অতএব নির্ণেয় বর্গফলের প্রথমে বসবে :  $(198 \times 2) - (2 \times 2) = 392$ । আর শেষে বসবে ২-এর বর্গ ০৪। অতএব  $198^2 = 39204$ ।

এবার জানব  $212^2$  = কত? এখানে সংখ্যাটি ২০০-এর কাছাকাছি, তবে ২০০ থেকে ১২ বেশি। অতএব নির্ণেয় বর্গফলের শেষ দিকে বসবে ১২-এর বর্গ ১৪৪-এর ৪৪, আর হাতে থাকবে ১। আর প্রথমে বসবে :  $(212 \times 2) + (2 \times 12) + হাতের 1 = 448 + 1 = 449$ । অতএব  $212^2 = 44944$ ।

পরবর্তী উদাহরণ হচ্ছে,  $896^2$  = কত? এখানে ৮৯৬ সংখ্যাটি ৯০০-এর কাছাকাছি, তাই ৯ দিয়ে গুণের প্রশ্ন আসে। যেমনটি আগের উদাহরণের সংখ্যাটি ২০০-এর কাছাকাছি হওয়ায় ২ দিয়ে গুণের একটি ব্যাপার আসতে আমরা দেখেছি।  $896 \times 9 = 8064$ । আর শেষে বসবে ৪-এর বর্গ ১৬। অতএব  $896^2 = 802816$ ।

এবার দেখা যাক  $1196^2$  = কত? এখানে ১১৯৬ সংখ্যাটি ১২০০-এর কাছাকাছি। অতএব এখানে ১২ দিয়ে গুণ করার একটি ব্যাপার আছে। এখানে বর্গফলের প্রথমে থাকবে :  $(1196 \times 12) - (8 \times 12) = 14352 - 96 = 14304$ । আর বর্গফলের ডানে বসবে ৪-এর বর্গ ১৬। অতএব  $1196^2 = 1430816$ ।

সবশেষ উদাহরণ হচ্ছে  $5996^2$  = কত? এখানে প্রদত্ত সংখ্যাটি ৬০০০ অর্থাৎ ৬০ শতের চেয়ে ৪ কম। অতএব এখানে ৬০ দিয়ে গুণের একটি ব্যাপার আছে। এখন কোন কোন সংখ্যাকে ১৬০ দিয়ে গুণ করতে হবে এই উদাহরণ থেকে স্পষ্ট হবে। এখানে নির্ণেয় বর্গফলের প্রথমে বসবে :  $(5996 \times 160) - (8 \times 60) = 959360 - 480 = 959280$ । আর বর্গফলের ডানে বসবে ৪-এর বর্গ ১৬। অতএব  $5996^2 = 95928016$ ।

গণিতদানু